ভোরের কাগজ

১

তারিখ 25 MAR 1998
পৃষ্ঠা ৬ কলাম ৪

দেবেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজ

# ভর্তি পরীক্ষায় অকৃতকার্যদের সন্ত্রাস শিক্ষকদের ক্লাস বর্জন, মৌন মিছিল

মানিকগঞ্জ প্রতিনিধি : সরকারি দেবেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজের শিক্ষক কর্মচরীগণ কলেজে সন্ত্রাসী কার্যকলাপের প্রতিবাদে ২২ মার্চ দুপুরে শহরে একটি মৌন. মিছিল বের করেন। কলেজ প্রাঙ্গন থেকে বের হয়ে মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে কলেজে শিক্ষক মিলনায়তনে একটি সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক অধ্যাপক মজিবর রহমান বলেন, চলতি শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তির জন্য লিখিত পরীক্ষা নিয়ে মেধা অনুযায়ী তালিকা টাঙানো হয়। এতে কিছুসংখ্যক ছাত্র ভর্তি পরীক্ষায় অকৃতকার্য হয়। অকৃতকার্য ছাত্ররা অবৈধভাবে ভর্তির দাবিতে গত ১৯ মার্চ রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ছাত্র কমন রুম ও অধ্যক্ষের কার্যালয়ে ভাঙচুর করে। এ সময় সন্ত্রাসীরা একজন শিক্ষকসহ কয়েকজন কর্মচারীকে প্রহার করে।

সম্মেলন বক্তাগণ সন্ত্রাসীদের অবিলম্বে গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান এবং বিচার না হওয়া পর্যন্ত অনির্দিষ্টকালের জন্য কলেজে ক্লাশ স্থগিত রাখা হবে বলেও জানান।

সম্মেলনে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, কলেজের সহযোগী অধ্যাপক মজিবর রহমান, রাষ্ট্র বিজ্ঞান বিভাগের প্রধান নুরুন নাহার, বাংলা বিভাগের প্রধান হেলালউদ্দিন এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রভাষক আবুল ইসলাম শিকদার।

এদিকে জেলা ছাত্রলীগ ও ছাত্রদল পৃথক পৃথক বিবৃতিতে অবৈধ ভর্তির দাবিতে সন্ত্রাসী কার্যকলাপের নিন্দা জ্ঞাপন করেছে।